"জাম্বনী থানার সর্ব্বশ্রেণীর মানুষের
সংগ্রামী চেতনাকে জানাই
লাল সেলাম"

# ।। টুসু সংগীত ।।

লেখক :

লোক কবি—ভবতোষ শতপথী

সুরকার—

কেশব চন্দ্র মাহাত ও অনিল মাহাত

বাদক—হেমন্ত মাহাত ( বাদ্য প্রভাকর )

মূল্য—১ টাকা ৫০ পয়সা

[illegible]

[illegible]

[illegible]

# ॥ [illegible] ॥

[illegible]

[illegible]

[illegible]

[illegible] ও [illegible]

[illegible]

[illegible]

# ভূমিকা

ঝাড়গ্রাম মহকুমার সমস্ত শ্রেণীর মানুষের কাছে মকর পরব রীতিমত একটা আলোড়ন সৃষ্টিকারী উৎসব। সারা পৌষ মাসের প্রস্তুতি—পথে ঘাটে হাটে বাজারে টুসুগীতের মহড়া—সন্ধ্যায় মাদলের তালে নাচগানের ধুমধাম। এ যেন অসংখ্য সমস্যার অনন্ত বন্ধন মুক্তির মজলিস্। মকরের পূণ্য লগ্নে ঘরছাড়া নরনারীর সারিবদ্ধ মিছিল মুখরিত হয় টুসুগীতে। রসিকত মশকরা, জ্বালা যন্ত্রনার কথা এই গানে গীত হয় ঠিকই তবে ভাবের গভীরতা তেমন লক্ষ্য করা যায় না।

টুসুগীতের প্রচলিত সুর বজায় রেখে বর্ত্তমান খেটে খাওয়া মানুষের শোষণ দুঃখ বঞ্চনা ও অত্যাচারকে গীতি কবিতায় রূপ দিতে চেষ্টা করেছি। সংগ্রামী কবিচেতনায় যা অনুভব করেছি তা প্রকাশ করার দায়বদ্ধতায় গীতগুলি রচনা করলাম।

নীচের মহলের মানুষের প্রাত্যহিক জীবন থেকে যা কুড়িয়ে পেয়েছি সেই ছোট ছোট স্মৃতিগুলি গীতি কবিতার আকারে গ্রথিত করলাম। প্রতিটি মেহনতী মানুষের কাছে আমি আজীবন ঋণী রইলাম। অনিচ্ছাকৃত ভুলত্রুটির জন্য সুধী সমাজের কাছে মার্জনা চাইছি। বইটি প্রকাশনার ব্যাপারে শ্রীযুক্ত বাসুদেব ভকত, অমর বসু, মনোরঞ্জন মাহাত, হরিশ চন্দ্র মাহাত, সুভাষ মাহাত, ফকির টুডু, ধরণী মাহাত, বুদ্ধেশ্বর মাহাত, জলেশ্বর মাণ্ডি, পূর্ণ মাহাত, কেশব মাণ্ডি, প্রভৃতির অকুণ্ঠ সহযোগিতা ও আন্তরিক প্রেরণা ব্যতিরিকে বইটি প্রকাশ করা সম্ভব ছিল না। সংগ্রামী সহযোগিতার জন্য বিনম্রচিত্তে কৃতজ্ঞতায় আবদ্ধ রইলাম। রচয়িতা

প্রকাশনায়—বাম ও গণতান্ত্রিক গ্রামীন
তরুণ লোক শিল্পীবৃন্দ

১। হামার্ মনে আছে
ভাদর—আশন্যা টান গিলা
কেমন গেছে।
কাঁসা বাটি বন্ধ্যক্ দিলে
মাঁড়্ ভাথ্ জুটে একবেলা
ডেরাইচলের মাইলো খায়্যেঞ
মানুষের চৈং-হাথ্ ফুলা,,
গত দিনের কথা—
ভাইব্লে রেভায়, এখ্নঅ ঘুরাঞ যায় মাথা।
ভুখ্হা গরীবের দল
হাম্দের দরকার্ বামফ্রন্ট সর্কার
দিন—বদ্যল্ ॥

★ ★ ★

২। জমিন বিকা পনের্ টাকা
দিবিস নাঞ অদের হাথে
গটা জীবন আভ্ড়া রহিইব্
হবেক নাঞ বিহা দিতে,
বাপহে—জনম্ দিলি—
পইসা কুঠাঞ লেখা পড়া শিখ্হালি।
বেটা বিটি একেই ঠিন্হে
জইন্মেছি মাঞের পেটে
বেটা আঁক্ড়াঞ রহিস্ ঘরে
বিটিকে বিঁকিস্ হাঠে,
তদের কেমন বিচার—
গরূহ ঘুঁছাঞ পাঠ্হালি পরের দুয়্যার ॥

৩। বড়্কি বহু বাসন মাঁজে
ছট্কির হাথে হাথ, ঘড়ি
বড়্কি কাচে কাঁথা - কাপড়
ছট্কি করে ডাক্তারি
পঢ়া লেখার গুণে—
দেশ বিদেশের সউবল কেই
মানে - গণে।
মনের দুখে বড়কি কাঁদে
আঁধারে ঘরের কুনে
অ'আ'ক'খ' শিখতেই হবেক
হামাদের উয়ার ঠিনে
দমে লাজাঞ মরে—
মানুষ বল্যেঞ কেঅ পুঁছে নাঞ সংসারে॥

★ ★ ★

৪। মকর হাঠে কিন্তে হবেক
রাঁগা ডুর‍্যা লাল শাড়ি।
আর ক'টা বছর গেলে ত
হামিঅ হ'ব বুঢ়ি।
যৈবন যাছে চল্যেঞ
পছিম পানে বেলাটাঅ
যাছে ঢল্যেঞ।
গতর খাঠাঞ জমাঞ্ছি ভায়
বার কুড়ি দশ টাকা
লক্কে কেনে উধার দিব
হামি কি এতই বকা,
দিলে যাকে - তাকে—
লিবেক - লিবেক, দিবেক নাঞ ই'মুলুকে।

৫৮। হামি নাঞ মানি হে
মন্‌গড়া জ্যাত্‌প্যাত।
ধনী - গরীব মরদ্‌ - মাঁয়্যা
গটা দুন্যায় দু'টা জ্যাত্‌॥
উঁচা জ্যাতের ভখ্‌হা বাম্‌হন
আঁইঠা জুঁঠা নাঞ মানে
পেটের জ্বালায় মাঁড়্‌ হাঁসথায়
চঁচাছে কপাট কুনে,
দর্‌সিঝা ভাথ্‌ গিল্‌ছি দেখ্‌ন
তর্‌কারিটা দর্‌কাঁচা
ভখের জ্বালা বড়জ্বালা
বুঝ্‌লি হে রহিম চাচা॥

★ ★ ★

৬। কাওয়ার বাসায় কুইলি ছানা
গগাছে কুহু কুহু
মুঁহ্যের কথা মুঁহ্যেই রহিইল
কলসীটা ভাঁইগল বহু,
দেখ্‌ন নিশা য়াইতে
দিশা হারাঞ মাতাল যাছে মদ খাথে।
বহু - ছানা কাঁদে—
চাল কিনার পইসা উড়াই দিছে মদে।
পরের ঘরে পর খাঠালি
মুলিয়্যা পাইয়ের ভাথালি
ভাথুয়া খাঠ্যেঞ জনম গেল
অকুলে নাঞ কুল পালি
দেখ্‌হে পাঁদড়ু কাকা—
একদিনের ভাথালি পায় কুড়ি টাকা॥

আলত্ত, আলত্ত, চাঁদের হাঁঠ
গাঁয়ের সউব্ লক্ জানে—
মুঁ-থুভ্ড়াঞ পড়্যেঞ ছিল্হি আঁধ্যার কুঁপে।
র‍্যাত্ ইস্কুলে পঢ়ে-লেখে
লধা বহু ফূলমণি
মেহেরারুরা ক খ শিখে
মানুষ জাগায় জাম্বনী,
জনম থানের থানা—
চইখের লজর ঘুরাঞ পাল্যঅ তালকানা ॥

★ ★ ★

১৭। চলন যাব জাম্বনী অঞ্চল
সেঠিন কেঅ করে নাঞ দল-বদ্যল্
পাড়ায় পাড়ায় সাঁঘাত পাতায়
জ্যাত্প্যাতের ধার নাঞধারে
বিহার ভজে এক পাঁতায় খায়
একঠিনে গাঁয়ে-ঘরে
বাঁধ্-পখ্যরে সিনান্ করে
খাছে একেই কুঁয়ার জল
রং ॥ চলন্ যাব জাম্বনী—অঞ্চল ॥
ই-জ্যাত্ উ-জ্যাত্ সউব্ একেই জ্যাত
জইন্মেছি একেই ঠিনে
বাঁধ্যান্ কাটে শাঁখের করাত
ভিনাঞ যাছি হায় কেনে
মানুষ জ্যাতের মানুষ বঠি
টিপ্তে পারি টিপাকল
চলন যাব জাম্বনী অঞ্চল ॥

৭। নৈতন টুসুগীতে—
দা-হাথ্ড়িয়ে হাথ, বাঢ়াছি ছাপ দিতে।
হামার্ চই্খের তারা
তারা হারাঞ মানুষ হয় বাঁচায় মরা।
তেখন ছিল ছিঁঢ়া ছেঁথরা
এখন নৈতন লাল্ শাঢ়ি
তেখন্ খাথি মহ্যল্ সিঝ্হা
এখন ভাথ মাঁস তরকারি
ভাদর আশিন্ মাসে—
হাম্দের সরকার রাখে নাই আর উপাসে।
বামফ্রন্ট সরকার ভখ্হা-ভুখ্হার
দুখ্-দশা ভায় নাঞ রাখে
হাথে দা আর হাথ্ড়ি লিঞে
কাম কইরতে যায়, যে ডাকে
দিনের হল্যঅ বদ্যল্
চুঁট্যায় কাট্যেঞ দিল দেখ্ন ভুখেল্ ঢোল্॥

★ ★ ★

৮। কাল্যা চ্যুলের ঢাল্যাজুড়া
সাজাব পলাশ ফুলে
আঁচাল্ ঘাঢ়ি বাঁধ্যেঞ দিব
লাল শাড়িটার আঁচ্যলে।
টুসুর রূপে গুণে—
পাড়া পড়শির মন টানে, মকর দিনে।
তুয়্যার গড়ায় ডোলং লদী
লিরণ দিনে কাদা জল
একবার হাঁসি, একবার কাঁদি
লকে বলে করম্ ফল,
ভাবি মনে - মনে—
অনেক মানুষ জহ্ড়াঞাছি একেই ঠিনে।

কাঁদিস কেনে কপ্যাট কুণে
ক'র তরে - কাল - সাঁজ বেলা
তুল্সী পিঢ়াঁর মাটির পদ্দীপ
পড়াবেক মনের জ্বালা
আয় মা ভিতর ঘরে—
মানুষ কি মানুষের জ্যাত্ বিচার করে ॥

★ ★ ★

১১। সিঁয়্যাড় দিঞে নিয়াঁঞে লাগায়
দালাল করে দলবাজি
ধরি মাছ আর নাঞে ছুঁই পানি
পেট মটা বাঢ়ায় পুঁজি,
কবে গিঁয়ান হবেক—
চ্যাল্ বাজলকের চাল্লাকি বুঝা যাবেক।
গরীবে গরীবে লঢ়ায়
লাগাঞে মজা লুঠে
বকায় থঁহাহা কুঢ়্যার লিঞে
চটাছে তেঁত্যল্ ঠুঁঠে,
গরীব এক নাঞে হলে—
ভখ্হে মইর্বিস দিন দু'বেলা পাতালে ॥

★ ★ ★

১২। মকর পরব আইস্ছে মকমকাঞে
হামকে সেইটা কিনেঞে দিলিস্ নাঞে ॥
গুড় পিঠার বাস পাঞে হামার আচ্কা জিভে জল ঝরে।
গুঁড়ি কুটা পিঠা-লাঠা হবেকরে ঘরে-ঘরে।
রং ॥ কুল্হি মুড়ায় খুখ্ড়া-পাঢ়া পাহুড়লিঞে আয়ন ভায়।
সিনান বেলা লদী ঘাঠে-ভেঁট হলে কালার সঁঘে
দর্মরা পীরিতের কথা শুনাব রঁগে রঁগে
টুসু ভাসাঞে ঘুইর্ব ঘরে চইখের কাজল জল ভিজাঞে ॥

১৩। মন গুম্‌ম্যরে টুসু বসেঁ্যছে।
কুঁইচ্‌কা চ্যুলে গেঁদা ফুলে,
জল্‌দি জুড়া বাঁধ্যেঞ দে!
টুসুমণি আল্‌লাদিনী খঁটা সহিইতে নাঞ পারে
মনের দুখে কাঁদ্যেঞ ভাঁসায় পরদেশে পরের ঘরে
হামার টুসুর একটায় বেটা
লে গো, তর্‌হা কলে লে······॥ রং ॥
আয় গো তর্‌হা কাজল পর্‌হা
সিঁথায় সিঁদুর দে পর্‌হাঞ
লখ্‌থি বারে শ্বশুর ঘরে
হামার বাছা, যাবেক নাঞ
বাপ ঘরে নাঞ ভায় ঘরে নাঞ
পঁহ্‌চাতে বল্‌ যাবেক কে? ॥ রং ॥

★ ★ ★

১৪। কমরেড্‌ দাদা হে—
হাম্‌কে একটা রাঁগা জামা দে—
শুখাঞ গেছে জনম্‌ লাড়ি
জউরে জউরে লিকাশ ছাড়ি
নিঁঘা-ভাঁগা গরুর গাড়ি পাথ্যর খাধানে।
কমরেড্‌ দাদা হে—
গাঁয়ের জত্‌দার সউ্‌ব লিল
তলা গুঢ়াঅ বিকাঞ গেল
ভাথের হাঁড়ি চাঁগাঞ ছিল ভুখেল্‌ তালগাছে।
কমরেড্‌ দাদা হে—
ভাথ্‌ দিলি, কাপড় দিলি
ভাঁঘা ঘরটা সারাঞ দিলি
টুকুলেখ্‌তে পইড়তে শিখাঞ দে
কমরেড্‌ দাদা হে—
পেটে নাঞ খ' কালির আখ্যর্‌
কলম লিঞে ইছি হরবর্‌
কচ্যাল্‌ ধর্যেঞ দুটা হাথেই কড়্‌রা পড়েঞছে :
কমরেড্‌ দাদা হে—
আধ্যাড়্‌ বই্‌সে শিখাঞ বুঝাঞ দে ॥

কখনও হাথি কখনও মশা
দেখ্‌ন হামার দুখ-দশা
ঘরের মানুষ পরের মুনিষ
চ্যার পাশেই রকত্‌ চুষা
আয়ন লঢ়ায় করি—
লঢ়ায় করেঞ দুবেলা বাঁচিমরি ॥

★ ★ ★

৯। টুসু গীতের সুরে
মকর দিনে মন হামার কেমন করে।
খাস্‌হি মাঁসের মহক্‌ আসে
বাস্‌হি পিঠা এক থালা
সিনাই লিলে নৈতন্‌ কাপড়
নদীর জলে একগলা,
ছি-ছি সিনান্‌ বেলা—
ঘাঠে আলে আড়ে ভালে চিকন্‌ কালা।
মকর দিনে যাবোই যাব
ভউ্‌রে মকর ডুব দিতে
বাস্‌হি পিঠা দমে মিঠা
আসবিস্‌ ন-কি, ভাগ লিতে।
হামার ভাঁগা ঘরে—
রাঁগা চাঁদটা হুল্‌কিছে ছ্যানের ধারে ॥

★ ★ ★

১০। টুসুমনি, আল্‌লাদিনী,
দেশের দুখে মন কাঁদে
আউল্যা চ্যুল্‌ তার বিনাঞ দে, গো,
ম্যায়্‌সর্‌ মাঁসের আবাদে
নাঞ ভাঁসাব জলে—
হাথের হ্যাথ্যার পাজাব কাম্‌হার শালে!

১৫। হাম্‌রা ভারতের লক,
ই-জ্যাত্‌ উ-জ্যাত্‌ যে জ্যাতেরি মানুষ হোক্‌।
রকত্‌ - মাঁসে একেই সামন
কিসের তরে জ্যাত - বিচ্যার
বজ্জ্যাত্‌ কি আর গাছে ফলে
জ্যাত্‌ প্যাতের লে থাক্‌ হুঁশ্যার্‌
ভারত মাঞের দু'চইখে জল
চলরে দুখ্‌ ঘুচাব তার।
দেখ্‌ন ঘর - বিবাদে—
দিশা হারাঞ মা কাঁদে, মাটি কাঁদে।
বাম্‌হন্‌ বইষ্টম্‌ কাম্‌হার কুম্‌হার
বার বন্নি জ্যাত্‌ আছি
মানুষের জ্যাত্‌ একেইটা জ্যাত্‌
সারকথা ভুল্যেঞ গেছি
কইর্‌ছি মারামারি—
রক্ত্‌ চুষা লক্‌ দিছে বলিহারি ॥

★ ★ ★

১৬। কিসের তরে নামাল যাব
দেশে ভাথের অভাব নাঞ
কুলি নাঞ পাঞ আড়্‌কাঠিরা
শুখ্‌না মুঁহ্যে যায় পালাঞ,
হাল্যত্‌ বদাল্‌ হল্যত—
বাম-ফ্রন্ট সরকার ভখ্‌হার পেটে ভাথ দিল।
খান্‌হা-টঢ়া বুজাঞ দেখ্‌ন
পিচের রাস্তা সিল্‌ সিল্যাট্‌
ঘরে ঘরে বিজলী বাতি

১৮। ভাদর - আশিন মাসে,
লধা পাড়ায় মানুষ রহিইথ্ উপাসে
জুইঠ্থ নাঞ হে, পেটে মাঁড় ভাথ
নাঞ ছিল হে, ঘর - দুয়ার
খাসের জমিন পাট্টা দিল
ভখ্হার বামফ্রন্ট্ সরকার
এখন কি আর বইল্ব—
ভুলেঅ কেঅ বলে লাঞ্ নামাল যাব।
লধার ঘরে ধানের পুড়া
বহু চিবায় মিঠা পান
দু'বেলা পেট - পুরা খায়্যেঞ
চিক্নাঞ গেছে চাম্টুরাম
ই' সরকারের কালে—
একেই ঘাঠে জলখাছে বাঘ - ছাগলে ॥

★ ★ ★

১৯। লকের ভাষা মুখের ভাষা
বুকের ভাষা একাক্যার
মুনিষ ভাথুয়া চাষাভুষা
ভারতবাসী ভায় হামার।
হামি একলা লহি—
মনের টানে টাট্কা টুসুগীত গাহি।
শাল - পিয়ালে ফুলে - ফলে
একেই দেশে জনম থান
জীবন - জীবন যুগ্যল্ মিলন
ম্যায়্সর মাসে পাকা ধান
হাথে মিলাছি হাথ—
গটা দুন্যায় একেইটা গরীবের জ্যাত্।
একেই ভাষা একেই আশা
বাঁচার রস্যদ্ ভাত রুটি

শক্তাঞ ধর্‌হি হাথ্‌ঢ়ি শাবল
চটাছি শুখ্‌না মাটি
নাঞ ত পুঁইচকোঁ যাবেক —
রকত্‌ চুষা শইতান দহ্‌রা সাঁতাবেক্ ॥

★ ★ ★

২০। কুঁচাঞ পর্‌হে সিলিক্ শাঢ়ি
ডাহিন্যা হাথে হাথ্‌ ঘড়ি
গাঁয়ের বেক্যার বিটিছানা
চাকরি অঙ্গন ওয়াড়ি।
জ্বলে বিজ্‌লি বাতি—
পহিল্ - পঢ়া ইস্‌কুল হল্যঅ অগুন্‌তি।
গরীব তপশিল জ্যাতের লক্‌দের
ম্যুড়্‌ গুঁজার ঠাঁয় নাঞ ছিল
দুখের সাথী সরকার বাহাদুর
পাকা ঘর বন্‌হাঞ দিল,
ই' - সব সত্যি কথা—
নাঞ পত্যাবিস্ দেখ্যেঞ যা এথা-অ-থা।
কুল্‌হি কুল্‌হি বুইল্‌তে. আলি
দেখি কে, কেমন আছে
আচ্‌কা দেখ্যেঞ চিন্‌তে লারি
দর্‌মরা মটাঞ গেছে,
বামফ্রন্ট বলিহারি—
মরা মানুষ বাঁচাছে লঢ়ায় করি ॥

★ ★ ★

২১। (হামার) মন বাঁধা লাল শাড়ির আঁচ্যলে।
টহ্‌কিছে লাল সিঁদ্যুর ফঁঠা
মহ্‌কিছে চ্যুল্ বাস্‌তেলে।
জল্‌কে গেলে আড়ে ভালে
মুচ্‌কি হাসে রাইধনী
চিকন্ কালা কদমতলা

বাঁশের বাঁশির ডাক শুনি
সে-নাঞ আলে খালে-বিলে
দিনটা যাবেক বিকলে
রং ॥ মন বাঁধা লাল শাড়ির আঁচ্যলে ॥
খাল ঢড়ায় গঠগরু চরায়
জউরে বাজায় আড়্‌বাঁশি
ডাইক্‌ছে রাধা, আধাআধা
উথলা রাই রূপসী
জড়া কল্‌সী ছল্‌খে কাঁখে
বনের পলাশ ফুল তুলে
(হামার) মন বাঁধা লাল শাড়ির অাঁচ্যলে ॥

★ ★ ★

২২। পাঁদ্‌ড়ু খুঢ়া পইঢ়তে আসে
গাঁয়ের লে র‍্যাত্‌ ইস্‌কুলে
টীপ নাঞ দিল, নাম সই কইর্‌ল
শিখ্যেঞছে বুঢ়া কালে,
বকা ভুখ্‌হার সরকার—
চ্যখ্‌দান দিল, গাঁয়ের গরীব তর্‌-হামার।
পোল সার‍্যাল বাঁদ বাঁধ্যাল
জল ছাঁড্যেছে কেনেলে
আর, এল, আই, ইস্কিম্‌ চালাছে
বনে ঝাড়ে জঙ্গলে,
জংগ্‌লি বইল্‌থ বাবু—
হাম্‌কে দেখ্যেঞ লাজাঞহয় বাবুকাবু।
মকর ঢকর জু'কে জন্‌জ্যাল্‌
লধা বুঢ়ির দাঁত্‌ কথা
এখন খাছে পেটপুরা ভাথ
বাম্‌লা সিঝা, লাগে তিতা
দেইখ্‌ছি হাল আমলে—
গরীব-মারা মঁড়ল যায় রসাতলে ॥

২৩। কুলি কামিন হ'লে একঠিন
পাহারে পাহ্যাড়্ কাঠে
হাথ্ঢি পিট্লে ইস্প্যাত লহা
দু-খাঁড়া হয় এক চটে,
ভায় ভায় ভিনাঞ গেল—
সুখের সংসার হয় যে ছ্যারখ্যার শেষকালে।
যেখন তেখন ধম্কায় মহাজন
সুদ্খর্ দমে সুদ কষে
হাথে নাঞ রে ভাথে মারে
ঘ্যান্ ধরে কাঁচা বাঁশে
ছিল কি দুখ্দশা ॥
রকত্ চুষ্যেঞ পাল্যাত দেশী মশা।
জমিনদারের লগ্দি জউরে
খাত্ক ঘরে ঘ্যুষ লিথত
সাঁঝা পায়্যে ধান চাল মাপ্যেঞ
ঘর সাফা কর্যেঞ দিথত
ছিল্হি আঁধার গাঢ়ায়
হাম্কে দেইখ্লে জমি চোররা নাঞ ডাঁঢ়ায় ॥

★ ★ ★

২৪। কুথায় রহিইব্ কি যে খাব,
গটা জীবন নাঞজানি,
উদুম্ ভুট্যা, মানুষ হামি,
হামার থানাত জাম্বনী।
গাঁয়ের লে ভায় গেছি পালাঞ
গাঁয়ের নামটা ঠুলিবড়
ঠুল্হি পরাহাঞ দিল চইখে
চিলিক্ ভিলিক্ চিল্কীগড়।
বাম্হন পাড়ার লকরা বলে
হামি একটা দর্পঢ়া

দঢ়কচা দল কুটুম গিলা
ধনে বিলে যেমন ঝাঢ়া
জীবন শিক্যড় লুকাঞ আছে
শালবনে মহ্যল্ বনে—
জনম মাটি আঁত ধর‍্যেঞ টানে ॥

★ ★ ★

২৫। মকর দিনে দেখ্‌ন কি হল্যয়।
ভববাবুর টুসুগীতে জাম্‌বনী মাতাঞ গেল
কেশব অনিল সেই সুরেতে গটা দেশটা জাগ্যাল।
ধান ছিল নাঞ, গান ছিল নাঞ
জাম্‌বণীর গরীব ঘরে।
বড়লকের বেগ্যার খাঠ্যেঞ
ঘরের লক্ ভখ্‌হে মরে।
একবার থানা, হামদের থানার
জমানা বদ্যল্ হল্যয়।
জনম ভখ্‌হা খাথে পায়্যেঞ
টাঁইড়ে হাকায় টুসুগীত।
পেটে ভাথ নাঞ পইড়লে কি আর
শুখ্‌না হবেক প্রেম-পীরিত্
হামার ভালবাসার সরকার ভখ্‌হার পেটে ভাথ দিল
মকর দিনে হামার কি হল্যয়—
পাঘ্যা ছিঁঢ়া বয্যার কাড়া
ঝ্যাল, ধুন্যেঞ লেওয়া লিলয় ॥

# ঝুম্যর

২৬। কালির আখ্যর নাঞ চিন্‌হি
লেইখতে পইঢ়্‌তে নাঞ জান্‌হি
লকে কলম ধর্‌হে বকলমে
হামার কি-যে হবেক পরিণামে।

মস্ত জেলা মেদিনপুর
বীরসিং গাঁ টা বহ্যুত ধূর্
বিদ্যাসাগর সাগ্যরের সমান
পচা গাড়্যায়ায় জভ্ড়াছি জাহান
ক বইল্‌তে কপাল ফাটে
চ বইল্‌তে যে চমক্যেঁ উঠে
থঁথ্‌হা ভঁথ্‌হা চেতনায় দে শান
হিসাব-লিকাশ মিছাটায় হায়রান।
টাকা পইসা গুইন্‌তে লারে
বকা ঠক্‌হে হাঠ বাজারে
মুনিষ ভাথুয়ার ভাথালি কাজ - কামে
খাঠাঞ লিছে খামিধ্‌ কম দামে ॥

# ঝুমুর

২৭। আয়্‌ ন রে ভায় লেখ্‌হা পঢ়া শিখহি
টের্‌হা বাঁকা যেম্যান তেম্যান একটা চিঠি লেখ্‌হি
জমা-খরছ হিঁসাব করি
বিগ্‌গানের বই বুঝ্যেঞ পঢ়ি
দেশের সুখে সুখী হামরা, দেশের দুখে দুখহি।
ডাহিন ভূথের ডরে মরি
জান-ঘর যায়্যেঞ মুদা ধরি
তেল দেখ্‌হাতে ধখ্‌ড়ার আঝ্‌হা ডাকি।
ছঠ্‌হ ছঠ্‌হ পরিবার
দুজন তিনজনের সংসাঁর
ভখ্‌হে-মরা দিনের কথা রাইতে মনে রাখ্‌হি
এত দুখেও নাঞ হল্যায় হুঁশ্‌

হুঁশ্‌ নাঞ থাইক্‌ল্যে কিসের মান্ন্যষ
ফাঁখ্‌ পালে ত সোব্‌লক দিবেক ফাঁকি
দিনঃর‍্যাত্‌ খাঠ্যেঞ জয়ান্‌ গত্যর
হল্যায় যেমন মাকড়া পাথ্যর
সগ্‌গে গেলেঅ ধান কুটেরে ঢেঁখি।

# ঝুম্যর

২৮। সাঁঘাত হে, ইস্‌কুলে যাব চলঅ—
বেশী বইসেই শিখ্‌ব "কর খল"॥
গাঁয়ের বুড়া পন্‌ডিত দাদা
শিখ্‌হায় বুঝ্‌হায় কত কাইদা
সিলেট-পেঁনসিল বই দেয় ভাল ভালঅ
পেটের ভাথ জুটাছে ভখ্‌হা
নাঞ ঠকে আর হেঁদড়া বকা
শিখ্যেঞলিছে পঢ়া-লেখ্‌হা অধম অচল
হালুহা হাথে কলম ধর্‌হি
বানান করেঞ পইঢ়তে পারি
অংক কইষতে খায় এক ঘঠি জল॥
সাঁঘাত হে, ইস্‌কুলে যাব চল।

---